নং- ডি.আর.আইপিআর/০১/২০২৬/ঘ-৪০৫ তারিখ: ১২.০১.২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

নিয়োগ বিশ্ববিদ্যালয়ের একটি চলমান প্রক্রিয়া। বিশ্ববিদ্যালয়কে গতিশীল রাখার জন্য নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হয়ে থাকে। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) স্পষ্ট নির্দেশনা রয়েছে 'নির্দিষ্ট অর্থবছরে অবসরজনিত, স্বেচ্ছায় অবসরজনিত, পদত্যাগ ও মৃত্যুজনিত ইত্যাদি কারণে কোন পদ শূন্য হলে উক্ত পদসমূহ সংশ্লিষ্ট বছরের মধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃক নিয়োগ/পদোন্নতির মাধ্যমে পূরণ করতে হবে।' চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসন আইনের ব্যত্যয় হয়, এরকম কোনো নিয়োগ দেয়নি। বরং শতভাগ স্বচ্ছতার সাথে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন, নিয়োগ নীতিমালা অনুসরণ এবং বোর্ডের সদস্যদের নিরপেক্ষ মার্কিংয়ের মাধ্যমে ইতোমধ্যে সকল নিয়োগ সম্পন্ন করা হয়েছে। এমনকি কিছু কিছু পদে যোগ্য প্রার্থী না পাওয়ায় লোকবল নিয়োগ দেওয়া হয়নি। এ প্রশাসনের আমলে কোনো নিয়োগে নিয়মের বিন্দুমাত্র ব্যত্যয় ঘটেনি। এতকিছুর পরও কিছু কিছু গণমাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে মিথ্যা, বানোয়াট ও উদ্দেশ্যপ্রণোদিত তথ্য দিয়ে জনমনে বিভ্রান্তি সৃষ্টি করছে, যা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তিকে চরমভাবে ক্ষতিগ্রস্ত করেছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংবাদপত্রের স্বাধীনতায় পূর্ণ আস্থাশীল ও বিশ্বাসী। কিন্তু বিশ্ববিদ্যালয় সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে সকলের কাছ থেকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়িত্বশীল এবং পেশাদারী ভূমিকা প্রত্যাশা করছে। গত ৯ জানুয়ারি ২০২৬ তারিখ অনুষ্ঠিত চবির ৫৬৫তম সিন্ডিকেটে নিয়োগ নিয়ে কিছু গণমাধ্যম মিথ্যা ও বানোয়াট তথ্য উপস্থাপন করেছে। জনমনে বিভ্রান্তি দূরীকরণের লক্ষ্যে চবির ৫৬৫তম সিন্ডিকেটে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী হিসেবে নিয়োগপ্রাপ্তদের পূর্ণাঙ্গ সঠিক তথ্য উপস্থাপন করা হলো।

| ক্যাটাগরি | শুন্যপদে নিয়োগ | অস্থায়ী/পূর্বের দৈনিক বা মাস্টাররোলে কর্মরত থেকে স্থায়ী | অফিস/বিভাগের নিজস্ব অর্থায়নে নিয়োজিত থেকে স্থায়ী | যোগ্য প্রার্থী পাওয়া না যাওয়ায় লোকবল নিয়োগ হয়নি |
|---|---|---|---|---|
| শিক্ষক | ১৮ জন | ৩ জন | | ৫ বিভাগে ১০ পদে |
| কর্মকর্তা | ৮ জন | | | ১টি পদে |
| কর্মচারী (৩য় শ্রেণি) | ৩২ জন | ৫ জন | | ৩টি পদে |
| কর্মচারী (৪র্থ শ্রেণি) | ৩০ জন | ৭ জন | ১০ জন | ২টি পদে |
| মোট | ৮৮ জন | ১৫ জন | ১০ জন | ১৬টি পদে |

--------------

স্বাক্ষরিত/-
ডেপুটি রেজিস্ট্রার (তথ্য ও জনসংযোগ)
রেজিস্ট্রার দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

অনুলিপি প্রেরিত হলো (প্রচারের জন্য):
ব্যুরো প্রধান/বার্তা সম্পাদক, দৈনিক ........................., ঢাকা/চট্টগ্রাম।

স্বাক্ষরিত/-
ডেপুটি রেজিস্ট্রার (তথ্য ও জনসংযোগ)
রেজিস্ট্রার দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।